

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি
হালনাগাদকরণ কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খায়রুল কবীর মেনন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৯ নভেম্বর ২০২৩
সভার সময়	বেলা ১১:০০ টা
স্থান	আইসিটি প্রশিক্ষণ কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিভাগের কর্মকর্তাবৃন্দের ই-মেইল, ফোন নম্বর ইত্যাদি তথ্যের পরিবর্তন হলে আইসিটি সেলে যোগাযোগ করে যত দ্রুত সম্ভব তা ওয়েবসাইটে হালনাগাদকরণের পাশাপাশি সেবা প্রদান প্রতিশ্রুতিতেও হালনাগাদকরণ করার বিষয়ে একমত পোষণ করেন। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান অভ্যন্তরীণ সেবাসমূহের সেবা প্রদান পদ্ধতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য মতামত প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। পরবর্তীতে সভাপতি এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত এ বিভাগের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার সাথে আলোচনা করার জন্য মতামত দেন এবং এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সকল সদস্যকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানান।

১.২ সিদ্ধান্ত:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করতে হবে;

(খ) সংশ্লিষ্ট শাখার কোন সেবার তথ্য হালনাগাদকরণের লক্ষ্যে তথ্যাদি প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে;

(গ) এ বিভাগের কর্মকর্তাবৃন্দের ই-মেইল, কক্ষ, ফোন ও ইন্টারকম নম্বর ইত্যাদি তথ্যের পরিবর্তন হলে আইসিটি সেলে যোগাযোগ করে তাৎক্ষণিকভাবে ওয়েবসাইটে হালনাগাদকরণের পাশাপাশি সেবা প্রদান প্রতিশ্রুতিতেও হালনাগাদ করতে হবে।

২.০ আলোচ্য বিষয়: বিবিধ।

২.১ আলোচনা: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্তমানে ৪৬টি সেবার ফরম (অনলাইন/অফলাইন) লিংক আকারে প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট সেবার ফরম পর্যায়ক্রমে প্রস্তুতপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রকাশ করার জন্য সভায় আলোচনা করা হয়। প্রমাণক হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরের অফিস আদেশ এবং স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংরক্ষণের জন্য সভায় উপস্থিত সবাই মতামত দেন।

২.২ সিদ্ধান্ত:

(ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক অন্তর্ভুক্তপূর্বক পিডিএফ ফাইল আকারে ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

(খ) ত্রৈমাসিকভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরের অফিস আদেশ প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২৪৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০

১১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



মোঃ আইয়ুব হোসেন
সিস্টেম এনালিস্ট